# মানসিক স্বাস্থ্য আইন (PsychKG) অনুসারে অনৈচ্ছিক ভর্তির বিষয়ে রোগীদের জন্য তথ্যকণিকা

প্রিয় (নামের প্রথম অংশ / নামের শেষ অংশ):

______________________________________________,

আমরা যথাসম্ভব দ্রুত সময়ে আপনার নিরাময়ের জন্য সাহায্য করতে চাই।

এই লিফলেট সহযোগে আমরা আপনাকে আপনার অতি গুরুত্বপূর্ণ অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে অবহিত করতে চাই। পূর্ণাঙ্গ আইনি বাতায়ন ওয়ার্ডে দেখা যাবে।

## পৃথকীকরণের কারণ

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

আপনাকে হাসপাতালে আনা হয়েছে; কারণ আপনি অসুস্থ এবং আপনার আচরণ আপনার প্রতি কিংবা অন্যদের প্রতি একটি মারাত্মক বিপদ ডেকে আনছে।

যে আইন এই বিষয়টি ঘটতে দেয় সেটিকে মানসিক স্বাস্থ্য আইন অনুসারে অনৈচ্ছিক ভর্তি বলা হয়। সংক্ষিপ্তরূপ হচ্ছে "PsychKG NRW".

## বিচারিক সিদ্ধান্ত (§ 14 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

আপনাকে হাসপাতালে অবস্থান করতে হবে কিনা, সেই বিষয়ে একজন বিচারক সিদ্ধান্ত দিবেন।

আপনার রোগের ব্যাপারে আপনাকে বলতে বিচারক আজ কিংবা আগামীকাল আসবেন। আপনি বিচারককে যে কোনোকিছু বলতে পারবেন। আপনি একজন আইনজীবী রাখতে পারবেন।

যদি বিচারক না আসেন, তাহলে আপনাকে চলে যেতে অনুমতি দেওয়া হবে। যদি না তত্ত্বাবধানকারী ডাক্তার মানসিক স্বাস্থ্য আইন (PsychKG) অনুসারে অনৈচ্ছিক ভর্তির অধীন কোনো নতুন প্রক্রিয়া/কার্যধারা প্রবর্তন করেন।

তাহলে আপনি দুই সপ্তাহের মধ্যে বিচারকের সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে লিখিতভাবে আপীল করতে পারবেন। ওয়ার্ড স্টাফ আপীলে আপনাকে সহায়তা/পোষকতা দিবেন।

## দলিল উপস্থাপন-পরিদর্শনের অধিকার (§ 16 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

স্টাফ চিকিৎসার সময় সংঘটিত ঘটনা লিপিবদ্ধ করে রাখবেন।
যখন আপনি তুলনামূলক সুস্থ হবেন, তখন যেকোনো দমনমূলক ব্যবস্থা নিয়ে আপনার সাথে আবারো আলোচনা করা হবে।

স্টাফ আপনার ব্যাপারে যা কিছু লিপিবদ্ধ করেছেন আপনি তা পড়তে পারবেন।

এটাকে বলা হয় পরিদর্শনের অধিকার।

## বহিরাঙ্গনে (আউটডোর) চলাফেরার স্বাধীনতা (§ 16 Abs. 1 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

আপনাকে প্রতিদিন কমপক্ষে এক ঘণ্টা বাইরে বাগানে বা চত্বরে যেতে দেওয়া হবে।

## ভর্তির পর ডাক্তারী পরীক্ষা (§ 17 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

যথাসম্ভব দ্রুত সময়ে একজন ডাক্তার আপনাকে পরীক্ষা করবেন।

আপনি এখনো নিজের জন্য কিংবা অন্যের জন্য বিপদ কিনা, সেই বিষয়টি একজন ডাক্তার যাচাই করবেন।

## একজন বিশ্বস্ত ব্যক্তির অবগতি (§ 17 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

যদি আপনি ইচ্ছুক হন, তাহলে আমরা একজন বিশ্বস্ত ব্যক্তিকে (বন্ধু, পরিবার, সেবা-যত্নকারী) বলবো যে, আপনি হাসপাতালে আছেন।

যদি আপনি ইচ্ছুক হন, তাহলে আমরা একজন আইনজীবীকে অবহিত করতে পারবো।

যদি আপনার কোনো আইনি অভিভাবক থাকেন, তাহলে তাকে স্বয়ংক্রিয়ভাবে জানানো হবে।

বিচারকের সঙ্গে আপনার সাক্ষাৎকারে এসব ব্যক্তি অংশগ্রহণ করতে পারবেন।

## চিকিৎসা (§ 18 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

আমাদের তত্ত্বাবধানে আপনার রোগের চিকিৎসা করা যাবে। আপনাকে কেবল তখনই চিকিৎসা দেওয়া হবে যখন আপনি তাতে সম্মত হবেন। এটাকে বলা হয় সম্মতি। ওষুধ প্রয়োগের ক্ষেত্রেও এই বিষয়টি প্রযোজ্য। এখানে এই নিয়মের কিছু ব্যতিক্রম রয়েছে।
চিকিৎসা নিয়ে অবশ্যই আপনার সাথে সবিস্তারে আলোচনা করা হবে।

1. ব্যতিক্রম:
যদি আপনার রোগের দরুণ মারাত্মক কোনো ঝুঁকি থাকে, তাহলে ডাক্তার ইচ্ছার বিরুদ্ধে আপনাকে চিকিৎসা করতে পারবেন।
মারাত্মক ঝুঁকি বিদ্যমান থাকে যদি আপনার রোগ সংশ্লিষ্ট আচরণের কারণে, আপনার জীবনের প্রতি মারাত্মক ঝুঁকি থাকে কিংবা আপনার বা অন্যান্য লোকের প্রতি অতি মারাত্মক স্বাস্থ্য ঝুঁকি থাকে।

নিয়ম/বিধি মতে আবশ্যিক চিকিৎসা কেবল কোনো বিচারক অনুমতি দেওয়ার পর দেওয়া যাবে।

2. ব্যতিক্রম:
বিরল ক্ষেত্রে বিচারকের অনুমতি না চেয়েও ডাক্তার আবশ্যিক চিকিৎসা দিতে পারবেন। এটা তখনই করা হয় যখন ডাক্তার মনে করেন যে, বিচারক আসা পর্যন্ত অপেক্ষা করা সম্ভব নয়, কারণ অন্যথায় খারাপ কিছু ঘটার সম্ভাবনা আছে।
এদুটি ব্যতিক্রমকে বলা হয় আবশ্যিক চিকিৎসা।

B

## বিশেষ নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা (§ 20 PsychKG NRW)

সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)

যদি আপনি নিজের বা অন্যান্যদের প্রতি বিশেষ ঝুঁকি হয়ে থাকেন, তাহলে ডাক্তার নিম্নোক্ত ব্যবস্থাগুলো নির্দেশ করতে পারবেন:

1.) আপনাকে বাইরে যেতে দেওয়া হবে না
অথবা
2.) আপনাকে একাকী একটি কক্ষে নেওয়া হবে এবং দরজা তালাবদ্ধ করা হবে
অথবা
3.) স্টাফ আপনাকে আটকে রাখতে পারবেন,
অথবা
4.) স্টাফ আপনাকে শয্যায় বেঁধে রাখতে পারবেন।

এসব ব্যবস্থা কেবল তখনই অনুমোদিত যদি (এবং যতক্ষণ) অন্য কোনোকিছু কাজে আসবে না। যখন আর কোনো ঝুঁকি বিদ্যমান থাকবে না তখন তাৎক্ষণিকভাবে অবশ্যই এগুলো বন্ধ করা হবে।

যদি আপনাকে ৩০ মিনিটের অধিক সময় বেঁধে রাখা হয়, তাহলে একজন বিচারক অবশ্যই এটাকে অনুমোদন করবেন।

যখন আপনি তুলনামূলকভাবে সুস্থ হবেন, তখন আপনাকে ন্যায়সঙ্গতভাবে বেঁধে রাখা হয়েছিলো কিনা, সে বিষয়টি যাচাই করতে আপনি একজন বিচারক/ম্যাজিস্ট্রেট ডাকতে পারবেন।

## পৃথকীকরণের অবসান (§ 15 PsychKG und § 25 PsychKG)

সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)

আপনার পৃথকীকরণ এখনো প্রয়োজন আছে কিনা, সে বিষয়টি দৈনিক যাচাই করা হয়।

যখন আপনি তুলনামূলক সুস্থতা অনুভব করবেন, তখন আপনাকে:

- ছুটি দেওয়া হবে; বা
- চলে যাওয়ার অনুমতি দেওয়া হবে; বা
- ঐচ্ছিকভাবে অধিকতর চিকিৎসা দেওয়া হবে।

## ব্যক্তিগত জিনিসপত্র, সাক্ষাৎ, টেলিযোগাযোগ ও মিডিয়া ধূমপান (§ 22 PsychKG)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

আপনি যেকোনো বিপজ্জনক জিনিস অবশ্যই নার্সিং স্টাফের নিকট রাখবেন। আপনাকে যখন ছেড়ে দেওয়া হবে তখন আপনি আপনার জিনিসপত্র ফেরত পাবেন।

আপনি আপনার মোবাইল ফোন ও ল্যাপটপ ব্যবহার করতে পারবেন। আপনি চিঠি পাঠাতে পারবেন। আপনি চিঠি গ্রহণও করতে পারবেন। আপনি চাইলে সাক্ষাৎপ্রার্থীদেরও বরণ করতে পারবেন।

দয়া করে ওয়ার্ডের অন্যান্য লোকদের কথা মাথায় রাখুন।

আপনাকে কেবল স্মোকিং এরিয়ায় ধূমপান করতে দেওয়া হবে। এটা সুস্পষ্টভাবে নির্ধারিত।

আপনাকে সম্মতি ব্যতিরেকে এলভিআর ক্লিনিকে (LVR Clinic) অন্য লোকের ছবি তুলতে বা কণ্ঠস্বর রেকর্ড করতে দেওয়া হবে না।

## চিকিৎসা খরচ

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

যদি আপনার স্বাস্থ্য বিমা না থাকে, তাহলে আমাদেরকে জানান। এই ব্যাপারে এলভিআর ক্লিনিকের সামাজিক সেবা আপনাকে সাহায্য করতে পারে।

## চিকিৎসা চুক্তি, রোগীর রায় (§ 2 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

কতিপয় বিষয়ে আপনাকে আমাদের মাধ্যমে আবারো চিকিৎসা দেওয়ার সম্ভাবনা থাকে।

আপনাকে কিভাবে সর্বোত্তম চিকিৎসা দেওয়া যায় তা যেনো আমরা জানতে পারি আপনি সেই বিষয়ে ডাক্তারের সাথে একটি লিখিত চুক্তি সম্পাদন করতে পারবেন। এটাকে একটা চিকিৎসা চুক্তিবলা হয়।

আমরা একটা রোগীর রায়ওবিবেচনা করব।

এই চুক্তি পরবর্তীতে সংশ্লিষ্ট সকল রোগীর উপর প্রযোজ্য।

## অভিযোগ (§ 24 PsychKG NRW)

**সংক্ষিপ্ত তথ্য (সহজবোধ্য)**

আপনি অসন্তুষ্ট হলে অভিযোগ দায়ের করতে পারবেন।

এখানে কতিপয় সম্ভাবনা রয়েছে। ওয়ার্ডে একটা বিবরণ পোস্ট করা হয়। অথবা আপনি স্টাফকে জিজ্ঞেস করতে পারবেন।

এখানে অন্যান্য আপীল অপশন রয়েছে (ঠিকানাগুলোর জন্য সংযোজনী দেখুন):

**আমরা আপনার দ্রুত আরোগ্য কামনা করি।**
**আপনার এলভিআর ক্লিনিক**

## সংযোজনী:

### অভিযোগ দেওয়ার সম্ভাবনা

আপনার নিকট সর্বদা অভিযোগ দায়ের করার সক্ষমতা রয়েছে যেমন- চিকিৎসার ব্যাপারে যা আপনি পেয়েছেন কিংবা অন্য যেকোনো বিষয়ে।

**1. ওয়ার্ডের সাইটে স্টাফ:**

কথা বলুন নার্সিং স্টাফ, নার্সিং ওয়ার্ড বা বিভাগের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে এবং আপনি ইচ্ছা করলে ডাক্তারের সাথেও।

কিংবা:

**2. স্বাধীন পেশেন্ট অ্যাডভোকেট, কথিত "ন্যায়পাল" এর সাথে সাইটে ক্লিনিকে:**

রোগীদের সহায়তার লক্ষ্যে এলভিআর ক্লিনিকে একজন স্বাধীন ন্যায়পাল নিয়োগ দেওয়া হয়েছে যিনি আপনার জন্য সময় নিবেন এবং যার সাথে আপনি সাইটে আপনার উদ্বেগ নিয়ে আলোচনা করতে পারবেন। ন্যায়পালের সময় ও টেলিফোন নম্বরের প্রাপ্যতা আপনার ওয়ার্ডের সাইটে নোটিশ বোর্ডে দেখতে পাবেন।

কিংবা:

**3. আপনি এলভিআর এর মেডিকেল অধিদপ্তরেও সাইটে যেতে পারবেন যারা সাক্ষাৎ এর মাধ্যমে আপনার সাথে কথা বলতে আনন্দিত হবেন।**

ওয়ার্ড স্টাফ সাক্ষাতের ব্যবস্থা করার জন্য আপনাকে সাহায্য করতে আনন্দিত হবেন।

এলভিআর ক্লিনিকের মেডিকেল অধিদপ্তরের যোগাযোগের বিস্তারিত বিবরণ:

কিংবা:

**4. এলভিআর এর বাইরে আপনি আপনার অভিযোগটি নিম্নোক্ত অফিসে পাঠিয়ে এর মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করতে পারবেন:**

Zentrales Beschwerdemanagement des Landschaftsverbandes Rheinland।

Landschaftsverband Rheinland/ ZBM
50663 Köln
টেলিফোন: 0221/ 809 2255, ই-মেইল: beschwerden@lvr.de

কিংবা:

**5. চূড়ান্তভাবে আপনি বিভিন্ন অঞ্চলে থাকা মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যাগ্রস্ত ব্যক্তিদের জন্য নিয়োজিত স্বাধীন কাউন্সেলিং সেন্টারের সাথেও যোগাযোগ করতে পারবেন যেমন-**

### Köln অঞ্চল

Beschwerderat Psychosoziale Arbeitsgemeinschaft (PSAG) Köln
c/o Rat und Tat e.V. Kempener Str. 135
50733 Köln, টেলিফোন: 0163/ 383 1686, ই-মেইল: beschwerderat@web.de

### Düsseldorf অঞ্চল

Unabhängige Beschwerdestelle Psychosoziale Arbeitsgemeinschaft (PSAK) Düsseldorf
Kölner Str. 180, 40227 Düsseldorf
টেলিফোন: 0211/ 899 2622 Anrufbeantworter,
ই-মেইল: psag_beschwerdestelle@duesseldorf.de

### Duisburg-Essen অঞ্চল

Unabhängige Beschwerdestelle der Psychosozialen Arbeitsgemeinschaft (PSAG) Duisburg
c/o Gesundheitsamt Herr Marcel Hellmich,
Ruhrorter Straße 195, 47119 Duisburg
টেলিফোন: 0203/ 283 2709, ই-মেইল: beschwerdestelledu@gmx.de

### Krefeld অঞ্চল

Psychosoziale Beschwerdestelle Krefeld
Westwall 134, 47798 Krefeld
টেলিফোন: 02151/ 389 261 Anrufbeantworter,
ই-মেইল: beschwerdestelle@psag-krefeld.de

### Viersen অঞ্চল

Beschwerdestelle des Gemeindepsychiatrischen Verbundes Kreis Viersen
যোগাযোগ: BIS e.V., Klosterstr 5, 41379 Brüggen
টেলিফোন: 02163/ 5622, ইমেইল: info@bis-brueggen.de

কিংবা:

**6. যদি আপনার মনে হয় আপনার উদ্বেগটির উপর পর্যাপ্তভাবে মনোযোগ দেওয়া হয়নি, তাহলে আপনি মানসিক স্বাস্থ্য আইন (PsychKG) অনুযায়ী ৩০ ধারা অনৈচ্ছিক ভর্তি অনুসারে তত্ত্বাবধানকারী জেলা সরকারি কর্তৃপক্ষ বরাবর আপনার অভিযোগ পাঠাতে পারবেন।**

- Bezirksregierung Köln, Krankenhausaufsicht, Postfach, 50606 Köln
- Bezirksregierung Düsseldorf, Krankenhausaufsicht, Postfach 300865, 40408 Düsseldorf

**আইনি নোটিশ:**
২য় সংস্করণ, অক্টোবর ২০২১
বিষয়বস্তুর দায়ী সত্ত্বা
LVR-Dezernat 8/ 84.20 in Verbindung mit 81.30 (Rechtsabteilung)। যে ব্যক্তির সাথে যোগাযোগ করতে হবে: Uwe Blücher 84.20.

**যারা অবদান রেখেছেন:**
এলভিআর ক্লিনিকের রিকভারি সাপোর্ট স্টাফ, সংশ্লিষ্ট প্রতিনিধিগণ, সাইকিয়াট্রিস্ট ও সাইকোথেরাপিস্ট, হেড অব নার্সিং, পাবলিক রিলেশনস অফিসার, এসইআইবি উপ-প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, ইন্টিগ্রেশন অফিসার, জেডবিএম, এলভিআর ক্লিনিকের নার্সিং অধিদপ্তর মেডিকেল অধিদপ্তর যারা উল্লেখযোগ্যভাবে অবদান রেখেছেন
এই লিফলেটের কার্যকারিতা

**পাঠ্য উপস্থাপনা:** "Verein Netzwerk Leichte Sprache e.V." অ্যাসোসিয়েশন পাশাপাশি এলভিআর ডিপার্টমেন্ট ১ এর ২ নং সার্কুলার আদেশ দ্বারা নির্ধারিত সহজবোধ্য ভাষা ব্যবহার নিয়ন্ত্রণকারী/পরিচালনাকারী বিধিমালার উপর ভিত্তিশীল সহজবোধ্য (প্রাইভেট সিটিজেন-ভিত্তিক) ভাষা।

**ভাষা সংস্করণ:**
মানসিক স্বাস্থ্য আইন (PsychKG) অনুসারে প্রাপ্ত লিফলেটে অনৈচ্ছিক ভর্তির ৩১টি ভাষায় অনুবাদ রয়েছে।

সম্ভাব্য কপিরাইট নোটিশ ছাড়াই বাইরে লিফলেট বিতরণ:
© LVR-Klinikverbund und Verbund Heilpädagogischer Hilfen